

উৎপাদন প্রযুক্তি

মাটি: পর্যাপ্ত রোদযুক্ত ও পানি নিষ্কাশনের সুব্যবস্থা সম্পর্কে উচ্চ জমি কলা চানের জন্য উপযুক্ত। উর্বর দোআঁশ মাটি কলা চানের জন্য উত্তম।

জমি তৈরি ও গর্ত খনন: জমি ভালভাবে গভীর করে চান করতে হয়। দেড় থেকে দুই মিটার দূরে দূরে $60 \times 60 \times 60$ সেমি আকারের গর্ত খনন করতে হয়। চারা রোপণের মাসখানেক আগেই গর্ত খনন করতে হয়। গর্তে গোবর ও টিএসপি সার মাটির সাথে মিশিয়ে গর্ত বন্ধ করে রাখতে হবে।

রোপণের সময়: কলার চারা বছরে ৩ মৌসুমে রোপণ করা যায়।

প্রথম রোপণ: আশ্চৰ্য-কর্তিক (মধ্য-সেপ্টেম্বর থেকে মধ্য-নভেম্বর)।

বিত্তীয় রোপণ: মাঘ-ফাল্গুন (মধ্য-জানুয়ারি থেকে মধ্য-মার্চ)।

তৃতীয় রোপণ: চৈত্র-বৈশাখ (মধ্য-মার্চ থেকে মধ্য-মে)।

চারা রোপণ: রোপণের জন্য অসি তেউড় (Sword sucker) উত্তম। অসি তেউড়ের পাতা সরু, সুচালো। অনেকটা তলোয়ারের মত, শুক্র বড় ও শক্তিশালী এবং কাণ্ড দ্রুমশ গোড়া থেকে উপরের দিকে সরু হয়। তিন মাস বয়স্ক সুস্থ সবল তেউড় রোগযুক্ত বাগান থেকে সংগ্রহ করতে হয়। সাধারণত খাটো জাতের গাছের $35-45$ সেমি ও লম্বা জাতের গাছের $50-60$ সেমি দৈর্ঘ্যের তেউড় ব্যবহার করা হয়। এ ছাড়া টিস্যু কালচার চারা ব্যবহার করা হলে বাড়তি কিছু সুবিধা পাওয়া যায়।

সারের পরিমাণ

সারের নাম	সারের পরিমাণ/গাছ
জৈব সার	১৫-২০ কেজি
টিএসপি	৪০০ গ্রাম
এমওপি	৬০০ গ্রাম
ইউরিয়া	৫০০-৬৫০ গ্রাম
জিপসাম	২০০-৩০০ গ্রাম

সার প্রয়োগ পদ্ধতি: সারের ৫০% গোবর, টিএসপি ও জিপসাম জমি তৈরির সময় এবং বাকি ৫০% গোবর, টিএসপি ও জিপসাম এবং ২৫% এমওপি গর্তে দিতে হয়। রোপণের দেড় থেকে দুই মাস পর ২৫% ইউরিয়া ও ২৫% এমওপি জমিতে ছিটিয়ে ভালভাবে কুপিয়ে মাটির সাথে মিশিয়ে দিত হবে। এর ২ মাস পরপর গাছপ্রতি ৫০ গ্রাম এমওপি ও ৭৫ গ্রাম ইউরিয়া প্রয়োগ করতে হবে। ফুল আসার পর এই পরিমাণ দিগ্ন করতে হবে।

পরিচর্যা: চারা রোপণের সময় মাটিতে পর্যাপ্ত আর্দ্রতা না থাকলে তখনই সেচ দেওয়া উচিত। এ ছাড়া, শুক্র মৌসুমে ১৫-২০ দিন অন্তর সেচ দেওয়া দরকার। বর্ষার সময় কলা বাগানে যাতে পানি জমতে না পারে তার জন্য নালা থাকা আবশ্যিক। মোচা আসার পূর্ব পর্যন্ত গাছের গোড়ায় কোন তেউড় রাখা উচিত নয়। মোচা আসার পর গাছপ্রতি মাত্র একটি তেউড় বাড়তে দেয়া ভাল।

ফসল সংগ্রহ: ঝুতুভেদে রোপণের ১০-১৩ মাসের মধ্যে সাধারণত সব জাতের কলাই পরিপক্ষ হয়ে থাকে। বাণিজ্যিক ভিত্তিতে চান করলে কলার গায়ের শিরাগুলো তিনি-চতুর্থাংশ পুরো হলেই কাটতে হয়। তাছাড়াও কলার অঞ্চলগুলির পুস্তাংশ শুকিয়ে গেলে বুঝতে হবে কলা পুষ্ট হয়েছে। সাধারণত মোচা আসার পর ফল পুষ্ট হতে $2\frac{1}{2}$ - ৪ মাস সময় লাগে। কলা কাটানোর পর কাঁদি শক্ত জায়গায় বা মাটিতে রাখলে কলার গায়ে কালো দাগ পড়ে এবং কলা পাকার সময় দাগওয়ালা অংশ তাড়াতাড়ি পচে যায়।